

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 15.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) 'তরঁণের স্বপ্ন' প্রকল্পে ট্যাব বিতরণের টাকা অন্য অ্যাকাউন্টে যাওয়ার অভিযোগের বিশদ তদন্তের জন্য কলকাতা পুলিশ ১০ সদস্যের সিট গঠন করেছে। # এই ঘটনায় গ্রেপ্তার ৯ জন।
 - ২) আবাস যোজনা প্রকল্পের টাকা উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পৌঁছে দেওয়ার জন্য রাজ্য সরকার সোমবারের মধ্যে গ্রাম স্তরে যাচাই প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছে।
 - ৩) পথ দুর্ঘটনায় প্রাণহানি রুখতে আরো কড়া হচ্ছে রাজ্য সরকার।
- ৪/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, উপজাতি মানুষজনের উন্নতি হলেই, দেশের প্রকৃত বিকাশ সম্ভব।
- # প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভগবান বীরসা মুভার স্মরণে একটি স্মারক মুদ্রা ও ডাকটিকিট প্রকাশ করবেন।
- ৫/ শিখ ধর্মের প্রবর্তক গুরু নানকের জন্মদিন আজ উদ্যাপিত হচ্ছে।
- # আজ রাস যাত্রা।

‘তরুণের স্বপ্ন’ প্রকল্পে ট্যাব বিতরণের টাকা অন্য অ্যাকাউন্টে যাওয়ার ভুরি ভুরি অভিযোগের মধ্যেই বিশদ তদন্তের জন্য কলকাতা পুলিশ ১০ সদস্যের তদন্তকারী দল- ‘সিট’ গঠন করেছে।

পূর্ব বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, মালদা, পশ্চিম মেদিনীপুর জেলা ছাড়াও কলকাতার একাধিক স্কুলের প্রায় শতাধিক পড়ুয়ার ট্যাবের টাকা তাদের অ্যাকাউন্টে না গিয়ে অন্য জায়গায় জমা হয়েছে বলে অভিযোগ। একই অভিযোগ উঠেছে দক্ষিণ ২৪ পরগণার বহু স্কুলেও।

ইতোমধ্যেই ৯'জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। মালদা থেকেই ধরা পড়েছে অন্ততঃ পাঁচজন। কারা কারা এই ঘড়্যন্ত্রে জড়িত, তা' খতিয়ে দেখা হচ্ছে। এবিষয়ে তদন্তের জন্য মালদা জেলা পুলিশ'ও SP-DIB এবং অ্যাডিশনাল SP হেড কোয়াটার্সের নেতৃত্বে ‘সিট’ গঠন করেছে। এই জেলায় পাঁচটি FIR দায়েরের পাশাপাশি ১৮১টি ব্যাঙ্ক অ্যাকাউন্ট ‘ফ্রিজ’ করেছে পুলিশ।

রাজ্য পুলিশের CID সূত্রে খবর, এই জালিয়াতির ঘটনায় ৭৮১ জন প্রতারিত হয়েছেন। এদের টাকা অন্য অ্যাকাউন্টে চলে গেছে। কলকাতার বাইরে ৫৬ টি FIR এবং ৮ টি জেনারেল ডায়েরি দায়ের করা হয়েছে।

অন্যদিকে, তরুণের স্বপ্ন প্রকল্পে যে সমস্ত পড়ুয়ার ট্যাবের টাকা গায়েব হয়ে গেছে এপর্যন্ত তাদের মধ্যে ৩০০ জন পড়ুয়ার অ্যাকাউন্টে টাকা পাঠিয়ে দেওয়া হয়েছে। যে ৫০০রও বেশি পড়ুয়ার একাউন্ট থেকে ওই টাকা গায়েব হয়ে গেছে। বাকিদেরও দুয়েক দিনের মধ্যে টাকা দিয়ে দেওয়া হবে বলে জানা গেছে। বিদ্যালয় শিক্ষা দফতরের তরফে রাজ্য সরকারকে এই মর্মে রিপোর্ট দেওয়া হয়েছে।

ট্যাব কেলেক্টারি নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। গতকাল বর্ধমানে দলের সদস্য সংগ্রহ অভিযানে গিয়ে বিজেপি নেতা, প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বলেন, যারা গ্রেপ্তার হয়েছে তাদের মধ্যে তৃণমূল কংগ্রেসের সক্রিয় কর্মীরাও আছে। অপরাধীরা বুঝে গেছে যে, তৃণমূল কংগ্রেসের শাসনে আইন শৃঙ্খলা রক্ষাকারী প্রশাসন তাদের কিছুই করতে পারবে না। বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে দেওয়া টাকা ও রাজ্যের শাসক দল দুর্নীতির মাধ্যমে আত্মসাং করছে।

বিজেপির রাজ্য মুখ্যপাত্র শমীক ভট্টাচার্যও কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, রাজ্য সরকারের নজরদারির অভাবেই এই কেলেঙ্কারি ঘটেছে।

(বাইট- শমীক)

রাজ্য সরকার অবশ্য দলের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন, সংগঠিত সাইবার অপরাধের বিষয়টি চিহ্নিত করে ইতোমধ্যেই মান্য কার্যবিধি-SOP জারি হয়েছে।

(বাইট- ব্রাত্য)

আবাস যোজনা প্রকল্পের টাকা উপভোক্তাদের ব্যাংক অ্যাকাউন্টে পৌঁছে দেওয়ার কাজ শুরু করার জন্য রাজ্য সরকার আগামী সোমবারের মধ্যে গ্রামস্থের যাচাই প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছে। ২৮ শে নভেম্বরের মধ্যে তালিকা চূড়ান্ত করে ফেলতে হবে বলে পঞ্চায়েত দণ্ডরের তরফে সব জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়। ২৯ শে নভেম্বর থেকে ৬ ডিসেম্বর পর্যন্ত উপভোক্তাদের নামের তালিকা ব্লক, মহকুমা শাসক এবং জেলা শাসকের অফিসে টাঙ্গিয়ে রাখার কথা বলা হয়েছে। এই সময়ে উপভোক্তারা তাদের কোন অভিযোগ থাকলে তা জানাতে পারবেন।

আবাস যোজনায় দুর্নীতির অভিযোগকে কেন্দ্র করে দক্ষিণ ২৪ পরগনার নামখানা ব্লক গতকাল উত্তাল হয়। বিজেপির ডাকে এই বিক্ষোভ কর্মসূচিকে ঘিরে বিডিও অফিসে ব্যাপক উত্তেজনা দেখা দেয়। বিজেপি কর্মী-সমর্থকরা পুলিশের ব্যারিকেড ভেঙে বিডিও অফিসে চুকে পড়লে পুলিশের সঙ্গে তাঁদের ধস্তাধস্তি বাধে। বিডিও অফিসের গেট আটকে বিক্ষোভ দেখান দলের কর্মী-সমর্থকরা।

পথ দুর্ঘটনায় প্রাণহানি রুখতে রাজ্য সরকার আরও কড়া পদক্ষেপ নিচ্ছে। এব্যাপারে সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করতে গতকাল সল্টকেলের নগরায়ণ ভবনে বৈঠকে বসেন পরিবহণমন্ত্রী মেহাশিস চক্রবর্তী, নগরোন্নয়ণমন্ত্রী ফিরহাদ হাকিম, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা-সহ শীর্ষ কর্তারা। বিভিন্ন বাস মালিক সংগঠনের নেতারাও ওই বৈঠকে ছিলেন। বৈঠকের পর সাংবাদিকদের পরিবহণমন্ত্রী বলেন, বেপরোয়া গতিতে গাড়ি চালানোর ফলে কোনও ব্যক্তির মৃত্যু হলে চালকের বিরুদ্ধে খুনের মামলা রাজ্ঞি করা হবে। সেইসঙ্গে লাইসেন্স বাজেয়াপ্ট-সহ ক্ষতিপূরণ ও আরও একগুচ্ছ কড়া পদক্ষেপ নিতে চলেছে রাজ্য সরকার। বেপরোয়া গাড়ি চালানোর ক্ষেত্রে আর কোনও নমনীয়তা দেখানো হবে না।

(বাইট- মেহাশিস)

স্কুল স্তরে ‘সেফ ড্রাইভ- সেভ লাইফ’-এর প্রসার চালানোর উপর জোর দেওয়া উচিত বলে মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন।

বেসরকারি বাস মালিক সংগঠন গুলি অবশ্য রাজ্য সরকারকে এব্যাপারে উপযুক্ত গাইডলাইন দিতে বলেছে। সংগঠনের পক্ষে তরফে জয়েন্ট কাউন্সিল অফ বাস সিভিকেট-এর সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় বলেন, পরিবহনের ক্ষেত্রে সঠিক পরিকাঠামো থাকলে তবেই দুর্ঘটনা এড়ানো সম্ভব।

(বাইট- তপন)

উল্লেখ্য, সম্প্রতি সল্টলেক দু'নম্বর গেটে বেপরোয়া বাসের ধাক্কায় স্কুল পাড়ুয়ার মৃত্যুর পর মুখ্যমন্ত্রীর নির্দেশে গতকাল এই বৈঠকের আয়োজন করা হয়।

বেসরকারি হাসপাতালগুলিতে কোন কোন রোগের ক্ষেত্রে স্বাস্থ্যসাথীর সুবিধা পাওয়া যাবে, রাজ্য সরকার তার প্রচারে ডিসপ্লে বোর্ড রাখা বাধ্যতামূলক করছে।

সরকারি হাসপাতালেও এই সংক্রান্ত বোর্ড থাকবে। এর ফলে সাধারণ মানুষ জানতে পারবেন, কোন্‌ হাসপাতালগুলি সরাসরি স্বাস্থ্যসাথী কার্ড গ্রহণ করে, এবং কার্ডের আওতায় হাসপাতালে কোন্‌ কোন্‌ রোগের চিকিৎসা হয়।

সাধারণ দুঃস্থ মানুষের চিকিৎসার জন্য রাজ্য সরকার স্বাস্থ্যসাথী কার্ড চালু করলেও অনেকেই এই প্রকল্পের সুবিধে পাচ্ছেন না বলে অভিযোগ। সেই অভিযোগের নিষ্পত্তি করেতেই এই সিদ্ধান্ত বলে স্বাস্থ্য দফতর জানিয়েছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দেশের প্রকৃত বিকাশ তখনই সম্ভব যখন উপজাতীয় মানুষজনেরও উন্নতি হবে। জনজাতীয় গৌরব দিবসের প্রাক্কালে গতসন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণে রাষ্ট্রপতি বলেন, আদিবাসী সম্প্রদায়ের দ্রুত সর্বাঙ্গীন উন্নতিই সরকারের অগ্রাধিকারের তালিকা রয়েছে।

(বাইট- প্রেসি বিকাশ)

উপজাতীয়দের শতাব্দী প্রাচীন ঐতিহ্য বজায় রেখেই তারা যাতে আধুনিকতার পথে অগ্রসর হতে পারেন, দেশবাসী সেটাই চায়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ‘জনজাতি গৌরব দিবস’ স্মরণে বিহারের জামুই সফর করবেন। ‘ধরতি আবা’ ভগবান বিরসা মুণ্ডার সার্ধশত জন্মবার্ষিকী উদযাপনের সূচনাকে চিহ্নিত করে প্রধানমন্ত্রীর এই সফর। শ্রী মোদী আজ ভগবান বিরসা মুণ্ডার সম্মানে একটি স্মারক মুদ্রা এবং ডাকটিকিট উন্মোচন করবেন।

দিনটি স্মরণে রাজ্য সরকার রাজারহাটের আদিবাসী ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই অনুষ্ঠানের উপস্থিত থাকবেন।

আজ গুরু নানকের জন্মদিন। নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্যে দিয়ে শিখ গুরু, শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক দেবের ৫৫৫-তম জন্মবার্ষিকী উদযাপিত হবে। মানবতা, এক্য ও সাম্যের প্রচার করে গেছেন গুরু নানক। নগরকীর্তন-এর মাধ্যমে শিখ ধর্মাবলম্বীরা এদিন গুরু নানক জির কাছে বিশেষ প্রার্থনা করবেন। দিনটি "গুরু পূরব" ও "গুরু নানক প্রকাশ" উৎসব হিসেবেও উদযাপিত হয়।

আজ রাসযাত্রা। নবদ্বীপ মায়াপুর শান্তিপুর কোচবিহার সহ বাংলার বিভিন্ন শ্রীকৃষ্ণ ক্ষেত্রে রাস পূর্ণিমায় রাসযাত্রা উৎসব পালিত হবে। কার্তিক পূর্ণিমাতে পালিত হওয়ায় রাস পূর্ণিমাকে কার্তিক পূর্ণিমাও বলা হয়ে থাকে। নবদ্বীপ, শান্তিপুর মায়াপুরের রাসযাত্রায় বহু ভক্ত পুণ্যার্থী ও সাধারণ মানুষ অংশ নেন।

একটি প্রতিবেদন-

(ভিসি- অনুপম)

কলকাতার বাজেকদমতলা ঘাটে আজ পালিত হবে দেব দীপাবলি উৎসব। হাজার হাজার প্রদীপের আলোয় সেজে উঠবে বাজে কদমতলা ঘাট।

গত বছর থেকে বেনারসের আদলে কলকাতাতেও দেব দীপাবলী উৎসব পালন শুরু হয়েছে। এর দায়িত্বে রয়েছে কলকাতা পুরসভা। দেব দীপাবলী উৎসব নির্বিশ্বে সম্পন্ন করতে বাজে কদমতলা ঘাট এলাকায় ব্যাপক পুলিশি নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে।

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের মশাগ্রাম স্টেশনের সঙ্গে দক্ষিণ পূর্ব রেলের সংযোগ সহ হাওড়া-বর্ধমান কর্ড লাইনের আপ, ডাউন ও রিভার্স লাইনে সিগন্যালিং-এর কাজের জন্য রবিবার পর্যন্ত ওই শাখায় ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। রাসযাত্রা উপলক্ষ্যে পূর্ব রেল আজ বেশ কিছু বিশেষ লোকাল ট্রেন চালাবে। ১৮'ই নভেম্বর পর্যন্ত শিয়ালদহ-শান্তিপুর শাখার সমস্ত আপ ও ডাউন

EMU ট্রেনগুলি বাথনা- কৃতিবাস (BTKB) হল্ট স্টেশনে থামবে। এছাড়াও, শিয়ালদহ -শান্তিপুর শাখায় বিশেষ ট্রেন চালানো হবে।

দেব দীপাবলি উপলক্ষ্যে আজ কলকাতার বাবুঘাটে চক্রবেল চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। অন্যদিকে, শুরু নানকের জন্মদিনে কলকাতা মেট্রো আজ ব্লু-লাইনে ২৮৮-টির পরিবর্তে ২৩৬ টি এবং গ্রীন লাইনে ১০৬-টির পরিবর্তে ৯০-টি ট্রেন চালাবে।

মুর্শিদাবাদের হরিহরপাড়ার থানার চন্দ্রনীপ আয়োজিত ৮ দলীয় নৈশ ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় গতকাল। এবছর এয়োদশ বর্ষে পা দিয়েছে ‘দোদুল স্মৃতি কাপ’। হরিহরপাড়ার বাসিন্দা প্রসার ভারতীর অবসরপ্রাপ্ত সাংবাদিক হাতেমূল ইসলামের অকাল প্রয়াত পুত্রের স্মৃতিতে ২০১১ সাল থেকে হরিহরপাড়া থানার মাঠে এই প্রতিযোগিতা শুরু হলেও পরে তা পুলিশ-সাধারণ মানুষ জনসংযোগের মাধ্যম হয়ে ওঠে। এবছর একযোগে খেলার উদ্বোধন করেন মুর্শিদাবাদ জেলা পরিষদের সভাধিপতি রূবিয়া সুলতানা, বিধায়ক নিয়ামত শেখ, অতিরিক্ত পুলিশ সুপার মাজিদ ইকবাল খান। উপস্থিতি ছিলেন জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ সামসুজ্জোহা বিশ্বাস, স্থানীয় থানার আই সি অরূপ রায় প্রমুখ।

ইন্দোরে চারদিনের রঞ্জি ট্রফির ম্যাচের দ্বিতীয় দিনে মধ্যপ্রদেশের বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে ৬১ রানে এগিয়ে গেছে। গতকাল দিনের শেষে বাংলা দ্বিতীয় ইনিংসে পাঁচ উইকেটে ১৭০ রান করে। ঋত্বিক চ্যাটার্জি ৩৩ এবং ঋদ্ধিমান সাহা ২১ রানে অপরাজিত আছেন। সুদীপ ঘৰামী ও সুদীপ চ্যাটার্জী উভয়ই ৪০ রান করেছেন।
